

গীতাঞ্জলি

৪৯

তব সিংহাসনের আসন হ'তে
এলে তুমি নেমে,
মোর বিজন ঘরের দ্বারের কাছে
দাঁড়ালে নাথ থেমে ।

৩৪০

গীতাঞ্জলি

একলা বসে' আপন মনে
গাইতেছিলেম গান,
তোমার কানে গেল সে সুর
এলে তুমি নেমে,—
মোর বিজন ঘরের দ্বারের কাছে
দাঁড়ালে নাথ থেমে ।

তোমার সভায় কত না গান
কতই আছেন গুণী ;
গুণহীনের গানখানি আজ
বাজল তোমার প্রেমে ।

লাগল বিশ্ব তানের মাঝে
একটি করুণ সুর,
হাতে ল'য়ে বরণমালা
এলে তুমি নেমে,
মোর বিজন ঘরের দ্বারের কাছে
দাঁড়ালে নাথ থেমে ॥

২৭শে চৈত্র, ১৩১৬ ।